

আগুন

ছত্রখান ঘরদোর। হাওয়ায় কঠিন গন্ধও ড়ে।
তোমরা কী ভেবেছ জানি। আমিও অনেকটা তাই --
ভেতরে ভেতরে কিছু পোড়ে।

কী যে পোড়ে, যদিও তা খুঁজতে নেইনি তেমন উদ্যোগ,
তোমাদের কথামতো আরোগ্য বুঝিনি আমি
সে আমার সর্বশ্রেষ্ঠ রোগ।

সর্বাস্থে রোগের চিহ্ন বহন করেই আমি আজ
অলিতে গলিতে ঘুরছি। অলিন্দে ও বাতায়নে
ভয়ে মরছে ইতর সমাজ।

আমাকে জিজ্ঞাসা করছে : মনে নেই হারিয়েছ কী কী?
হারিয়েছ খড়, কুটো। সামান্য ইক্ষন। তবু
অগ্নি আজও জ্বলে থিকি থিকি !

তোমরা তাই গন্ধ পাচ্ছ। জানতে চাইছো কোথায় কীপোড়ে।
একে একে দুইয়ে দুইয়ে মজা দেখতে জড়ো হচ্ছ
জমজমাট পাঁচ মাথার মোড়ে।

পরস্পরকে ডেকে বলছ : এইবার শিক্ষা হলো ওর।
ওদিকে আগুন, তার বন্ধু শত্রু ভেদ নেই,
পোড়াচ্ছে তোমারও ঘরদোর !

পুড়ছে পুড়ছে। ছাই হচ্ছে। হোক। আরও কিছুক্ষণ বাদে
তোমরাও আমারই সঙ্গে আগুন লাগাতে যাবে
সম্রাট নিরোর প্রাসাদে।

মন্দাত্রাত্তাসেন

